

"শেখ হাসিনার মমতা
বয়স্কদের জন্য নিয়মিত
ভাতা"



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
উপজেলা সমাজসেবা কার্যালয়
ধোবাউড়া, ময়মনসিংহ

<https://dss.dhobaura.mymensingh.nothi.gov.bd>

স্মারক নম্বর: ৪১.০১.৬১১৬.০০০.০২.০০১.২১.৪

তারিখ: ২৩ মাঘ ১৪২৭

০৬ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: উপজেলা সমাজসেবা কার্যালয় ধোবাউরা ময়মনসিংহ এর অনুকূলে ২০২০-২০২১ অর্থ বছরে নির্ধারিত কোডে অতিরিক্ত অর্থ বরাদ্দ ও মঞ্জুরী প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা সমাজসেবা কার্যালয় ধোবাউরা ময়মনসিংহ যার অফিস আইডি -১১৭৫২৩ এর অনুকূলে কম্পিউটার, আসবাবপত্র ও অন্যান্য কোডে নিম্নোক্ত ছক মোতাবেক জরুরী ভিত্তিতে বরাদ্দ প্রদান করা প্রয়োজন। অফিসের আসবাবপত্রের অবস্থা খুবই নাজুক। নিত্য প্রয়োজনীয় সেবা গ্রহণ করতে এসে সেবাগ্রহীতাগণ ভাঙ্গা চেয়ারে বসে। অন্যদিকে অফিসের নিত্যপ্রয়োজনীয় কাজ কম্পিউটার নষ্ট (মেরামতের অযোগ্য) থাকার জন্য বাইরের দোকান/পাশের শিক্ষা অফিস থেকে করে আনতে হয়।

এমতাবস্থায় নিম্নে বর্ণিত ছক অনুযায়ী অত্র কার্যালয়ের নিমিত্তে অতিরিক্ত অর্থ বরাদ্দ ও মঞ্জুরী প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে বিশেষ ভাবে অনুরোধ করা হল।

ক্র. নং	অফিস আইডি	কোড নং	খাতের নাম	বরাদ্দ প্রয়োজন (শতকে)	মন্তব্য
০১	১১৭৫২৩	৪১১২২০২	কম্পিউটার ও আনুষঙ্গিক	৭০০/-	উল্লিখিত কোডে অতি জরুরী ভিত্তিতে উল্লিখিত পরিমাণ অর্থ বরাদ্দ ও মঞ্জুরী প্রদান খুবই জরুরী
০২		৪১১২৩১৪	আসবাবপত্র	৭৫০/-	
০৩		৪১১২২০১	যোগাযোগ ও তথ্য প্রযুক্তি সরঞ্জামাদি	২৫০/-	
০৪		৩২৫৮১০২	আসবাবপত্র মেরামত	৪০০/-	
মোট				২১০০/-	

৬-২-২০২১

রুবেল মন্ডল

উপজেলা সমাজসেবা অফিসার (অতিরিক্ত দায়িত্ব)

উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।

ফোন: 01708415001

ইমেইল:
usso.dhubaura@dss.gov.bd

দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, প্রশাসন ও অর্থ অধিশাখা, সমাজসেবা অধিদফতর

স্মারক নম্বর: ৪১.০১.৬১১৬.০০০.০২.০০১.২১.৪/১(৪)

তারিখ: ২৩ মাঘ ১৪২৭
০৬ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ:

- ১) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ।
- ২) উপপরিচালক, প্রশাসন ও অর্থ শাখা, সমাজসেবা অধিদফতর।
- ৩) সহকারী পরিচালক, অর্থ শাখা, সমাজসেবা অধিদফতর।
- ৪) সংশ্লিষ্ট নথি।



৬-২-২০২১

রুবেল মন্ডল

উপজেলা সমাজসেবা অফিসার (অতিরিক্ত
দায়িত্ব)